দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 8 APR 2003 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# নকলের সুযোগ নেই তাই প্রক্সি চলছে

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও দাখিল পরীক্ষায় নকলের পাশাপাশি চলছে প্রক্সি। অর্থাৎ ভুয়া পরিচয়ে একজন পরীক্ষার্থীর পরিবর্তে পরীক্ষা দিচ্ছে অন্য একজন। রেজিস্ট্রেশন কার্ডের ছবি পরিবর্তন করে অনায়াসে তারা এ কাজ চালিয়ে যাচ্ছে। মাদ্রাসার কর্মকর্তাসহ একটি সংঘবদ্ধ চক্রের সহযোগিতায় প্রক্সি চলছে। ১৯৮০ সালের নকল প্রতিরোধ আইনে এ ধরনের অপরাধের জন্য ২ বছর কারাদণ্ড ও অর্থদণ্ডের বিধান রয়েছে।

প্রক্সি : পৃষ্ঠা : ২ কলাম : ৭

## প্রক্সি : চলছে

(৩য় পৃষ্ঠার পর)

মাদ্রাসা বোর্ডের একটি পরিদর্শন টিম বোর্ডে সংরক্ষিত রেজিস্ট্রেশন কার্ডের অংশ নিয়ে চট্টগ্রামের দুটি কেন্দ্রে গিয়ে মোট ৬ ভুয়া পরীক্ষার্থী শনাক্ত এবং তাদের পুলিশে সোপর্দ করেছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন গতকাল হবিগঞ্জের বাহুবল ও চুনারুঘাট এবং ময়মনসিংহের একটি মাদ্রাসা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি সেখানে একজন ভুয়া পরীক্ষার্থীকে পুলিশে সোপর্দ করেন এবং অপর ১০ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করে মাদ্রাসা বোর্ডে পাঠিয়েছেন পরীক্ষা-নিরীক্ষার জন্য। এ ব্যাপারে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মনিরুল ইসলাম জানিয়েছেন, নকলের উপযোগী পরিবেশ না থাকায় পরীক্ষার্থীদের মাঝে অন্যকে দিয়ে পরীক্ষা দেয়ানোর প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এ প্রক্রিয়া বন্ধে উদ্যোগ নেয়া হয়েছে। আর যারা ধরা পড়ছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হচ্ছে।